এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড : | 1 | 4 | 3 |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. শ্রেণিকক্ষে শিক্ষক বিভিন্ন প্রকার শিল্পের নাম লিখেন, যা নিম্নরূপ—
পোলট্রি ফার্ম, বস্ত্র শিল্প, বিদ্যুৎ শিল্প, মাছ ধরা, টেলিফোন, পাটশিল্প, ফ্লাইওভার নির্মাণ, হ্যাচারি, জলজ সম্পদ, পশু-পাখি সংগ্রহ, নার্সারি, স্পিনিং মিল, রেলপথ নির্মাণ, হাসপাতাল, বাঁধ নির্মাণ।

ক. বিনিময় প্রথা কী? ১

খ. ব্যবসায় টু ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলোকে বিভিন্ন শ্রেণিতে শ্রেণিবিভাগ করো। ৩

ঘ. উদ্দীপকে কোন ধরনের শিল্পের উৎপাদিত পণ্য অন্য শিল্পের উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

২. মি. মাসুম ১৫ বছর থেকেই পিতার ব্যবসায় দেখাশুনা করে আসছেন এবং যথেষ্ট দক্ষ হয়েছেন। সেজন্য তিনি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও শ্রমিকদের সঠিকভাবে পরিচালনা করতে সক্ষম ও সফল। পিতার আদর্শ তাকে অনুপ্রাণিত করেছে।

ক. BIM-এর পূর্ণরূপ কী? ১

খ. ন্যূনতম ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. মি. মাসুম তার পিতার ব্যবসায় থেকে কোনটি অর্জন করেছেন বর্ণনা করো। ৩

ঘ. মি. মাসুমের ব্যবসায়ের সফলতার কারণটি বিশ্লেষণ কর। ৪

৩. স্থানীয় বাজার অনেক দূরে হওয়ায় খলিল মিয়া নিজেই স্বল্প ব্যাংক ঋণ নিয়ে একটি সবজির দোকান স্থাপন করলেন। একমাত্র দোকান হওয়ায় খলিল মিয়ার দোকানটিতে গ্রাহক বাড়তে থাকে। এজন্য তিনি কর্মচারী নিয়োগ করলেন।

ক. বাধ্যতামূলক বিলোপসাধন অংশীদারি আইনের কত ধারায় রয়েছে? ১

খ. অংশীদারি ব্যবসায়ের আবির্ভাব কেন ঘটে? ২

গ. মালিকানার ভিত্তিতে খলিল মিয়ার ব্যবসায়টিকে কোন ধরনের বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ক্ষেত্র অনুযায়ী তুমি কী মনে করো খলিল মিয়ার ব্যবসায়টি সবচেয়ে জনপ্রিয়? মতামত দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪. বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নে ব্র্যাক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আড়ং এর মাধ্যমে ব্র্যাক একটি নতুন পণ্য বাজারজাত করতে চায়। এ লক্ষ্যে ব্র্যাক বিএসটিআই-এর অনুমতি নিয়ে পণ্যটি বাজারজাতকরণের উদ্যোগ গ্রহণ করে।

ক. ট্রেডমার্কের রেজিস্ট্রেশন দেয়া হয় কত বছরের জন্য? ১

খ. মাননিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২

গ. পণ্যের মান নিয়ন্ত্রণে বিএসটিআই এর ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নে ব্র্যাক এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

৫. ৩০% সুদে খালেদ চার লক্ষ টাকা নিয়ে একটি দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। ব্যাপক চাহিদা থাকায় প্রথম বছরে তিনি ২৪,০০০ লিটার দুধ বিক্রি করলে তার লাভের পরিমাণ দাঁড়ায় একলক্ষ বিশ হাজার টাকা। কিন্তু তাতেও তিনি সন্তুষ্ট হতে পারেননি।

ক. চিহ্নিত ধারণা মূল্যায়নের পদ্ধতি কয়টি? ১

খ. মাইক্রোস্কিনিং বলতে কী বোঝায়? ২

গ. খালেদের ব্যবসায়টিতে মাইক্রোস্কিনিং এর কোন দিকটি যাচাই করা অধিক দরকার তা বর্ণনা করো। ৩

ঘ. খালেদ সন্তুষ্ট না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬. বিভিন্ন সমস্যার কারণে বেসরকারি চাকরি ছেড়ে জনাব হামিদ নিজ উপজেলা আটপাড়ায় একটি খাবার হোটেল দিলেন। হোটেলের মান ভালো হওয়ায় প্রায় সময় ভিড় লেগে থাকে। তাই তিনি ১০ জন কর্মচারী নিয়োগ করেন। এতে দরিদ্রতা বহুলাংশে দূর হয়েছে।

ক. উৎপাদনমুখী বৃহৎশিল্পে সর্বনিম্ন কতজন শ্রমিক প্রয়োজন? ১

খ. বিসিক শিল্প এলাকার ধারণা দাও। ২

গ. হামিদের হোটেলটিতে শ্রমিক নিয়োগ বিবেচনা কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর। ৩

ঘ. দারিদ্র্যতা দূরীকরণে হামিদের শিল্পটি কার্যকর ভূমিকা পালন করে– বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. জনাব আজাদ আশুগঞ্জ শহরের ওয়ালটন TV এর একমাত্র বিক্রেতা। তিনি ওয়ালটন থেকে নির্দিষ্ট হারে বিক্রয়ের ওপর কমিশন পান। তিনি ভাবছেন অন্য প্রতিষ্ঠানের পণ্যও আলাদা দোকানের মাধ্যমে বিক্রয় করবেন।

ক. ধৈর্যশীলতা বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ? ১

খ. পণ্যের ন্যায্যমূল্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ওয়ালটন টিভির বণ্টনপ্রণালি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বণ্টনপ্রণালিতে আশুগঞ্জের গ্রাহকরা লাভবান কিনা? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৮. জনাব চৌধুরী নারায়ণগঞ্জে 'সারা' সিরামিকের কর্ণধার। তার প্রতিষ্ঠানে প্রায় ৩০০০ শ্রমিক কর্মরত। মুনাফা বৃদ্ধির সাথে সাথে জনাব চৌধুরী নানান সেবামূলক কাজও করেন। ২০১৩ সালে তিনি দরিদ্র শিক্ষার্থীদের জন্য বিনা বেতনে পড়ার জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন।

ক. ব্যবসায়ী সমাজের কোন ধরনের নাগরিক? ১

খ. পণ্যের মজুতদারি বলতে কী বোঝায়? ২

গ. জনাব চৌধুরীর স্কুল স্থাপনের কাজটি কী সামাজিক দায়বদ্ধতার অংশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব চৌধুরীর সিদ্ধান্তটি নারায়ণগঞ্জের দরিদ্র সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে কীভাবে ভূমিকা রাখবে? বিশ্লেষণ কর। ৪

৯. স্বামীর অকাল মৃত্যুতে মিলি সন্তান নিয়ে মহাসংকটে পড়েন। বাধ্য হয়ে স্বামীর ব্যবসায়ের দায়িত্ব গ্রহণ করেন। কারো কথা না শুনে তিনি পুরো উদ্যমে কাজ চালিয়ে যান। আরও ভালো কারিগর হওয়ার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্ত একটি সংস্থা থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে ঐ সংস্থা থেকে ঋণ নিয়ে দোকানটি আরও সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. তীক্ষ্ণ-বুদ্ধিমত্তা আদর্শ বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ? ১

খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ২

গ. মিলি সাথে পাঠ্যবইয়ের কোন উদ্যোক্তার সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিলি কোন প্রতিষ্ঠানের সাহায্য গ্রহণ করেছে? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# ব্যবসায় উদ্যোগ : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড : 1 4 3

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ব্যাংক অংশীদারিত্বে সর্বোচ্চ সদস্যসংখ্যা কত?**
ক) ৫ জন    খ) ১০ জন
গ) ২০ জন    ঘ) ২৫ জন

**২. কাজের উপযুক্ত পরিবেশ তৈরি করা ব্যবসায়ের কোন ধরনের দায়বদ্ধতার অংশ?**
ক) রাষ্ট্রের প্রতি    খ) সমাজের প্রতি
গ) ক্রেতা ও ভোক্তাদের প্রতি    ঘ) শ্রমিক-কর্মচারীদের প্রতি

**৩. জহুরুল ইসলামের জীবনাবসান হয়—**
ক) ১৯ অক্টোবর, ১৯৯০    খ) ১৭ আগস্ট, ১৯৯৫
গ) ১৯ অক্টোবর, ১৯৯৫    ঘ) ১৭ আগস্ট, ১৯৯০

**৪. ব্যাংক ঋণ প্রয়োজন হয় কেন?**
ক) সুসম্পর্ক গড়তে    খ) সুদ কমাতে
গ) সুদ বাড়াতে    ঘ) মূলধনের প্রয়োজনে

**৫. ব্যবসায় পরিকল্পনা হতে হবে—**
ক) সংক্ষিপ্ত    খ) বাহুল্য
গ) বিস্তারিত    ঘ) অপ্রয়োজনীয়

**৬. নিচের কোনটি চলতি দায়?**
ক) ব্যবসায়িক ঋণ    খ) মূলধন
গ) বন্ধকী ঋণ    ঘ) ব্যাংক ঋণ

**৭. উদ্বৃত্তপত্র কোন ধরনের বিবরণী?**
ক) এক বছরের    খ) এক মাসের
গ) একটি নির্দিষ্ট দিনের    ঘ) একটি নির্দিষ্ট সময়ের

**৮. বস্ত্র শিল্প কোন ধরনের শিল্প?**
ক) উৎপাদনমুখী    খ) সেবা শিল্প
গ) হস্তান্তর শিল্প    ঘ) নির্মাণ শিল্প

**৯. সেবামূলক বৃহৎ শিল্পে বিনিয়োগের পরিমাণ কত?**
ক) ১৫ কোটির বেশি    খ) ২০ কোটির বেশি
গ) ২৫ কোটির বেশি    ঘ) ৩৫ কোটির বেশি

**১০. ব্যবসায়ের সাফল্য অনেকাংশে কিসের উপর নির্ভর করে?**
ক) পরিকল্পনা    খ) প্রকল্প নির্বাচন
গ) প্রকল্প মূল্যায়ন    ঘ) প্রকল্প পরিচালনা

**১১. শিল্পনীতি কোন পরিবেশের উপাদান?**
ক) অর্থনৈতিক    খ) প্রাকৃতিক
গ) রাজনৈতিক    ঘ) আইনগত

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**

তরঙ্গ সাহেব সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য তিনি ব্যবসায়ের প্রকল্প নির্বাচনের একটি ধাপ অত্যন্ত সাবধানতা ও গুরুত্বের সাথে বিশ্লেষণ করেছেন। কারণ একটি সফল প্রকল্প প্রণয়ন তাকে সাফল্য এনে দিতে পারে।

**১২. মি. তরঙ্গ প্রকল্প নির্বাচনের জন্যে কোন বিষয়টি সর্বপ্রথম বিবেচনা করবেন?**
ক) ভোক্তার আয়    খ) রাজনৈতিক স্থিতিশীলতা
গ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি    ঘ) জনসংখ্যা

**১৩. মি. তরঙ্গের প্রকল্পটি কিসের উপর নির্ভর করে?**
ক) চাহিদা    খ) মূলধন    গ) মুনাফা    ঘ) সম্পদ

**১৪. সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে যেসব কার্যক্রম গ্রহণ করা যায়—**
i. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি
ii. মুনাফা পরিকল্পনা প্রণয়ন
iii. নগদ অর্থের পরিকল্পনা

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১৫. লামিয়া রহমান একটি সিমেন্ট কারখানার মালিক তার সিমেন্ট কারখানাটি কোন শিল্পে অন্তর্গত?**
ক) কুটির    খ) বৃহৎ
গ) সেবা    ঘ) উৎপাদনমুখী

**১৬. নিচের কোনটি লিখিত দলিল?**
ক) সংগঠন    খ) পরিকল্পনা
গ) উদ্যোগ    ঘ) ব্যবস্থাপনা

**১৭. পুঁজিসংস্থান কোন ধরনের সহায়তা?**
ক) উদ্দীপনামূলক    খ) সমর্থনমূলক
গ) সংরক্ষণমূলক    ঘ) সামাজিক

**১৮. পরিকল্পনা একটি ব্যবসায়ের বর্তমান ও ভবিষ্যৎ সম্ভাবনার চিত্রকে সুস্পষ্টভাবে তুলে ধরে—**
i. ঋণদানকারী প্রতিষ্ঠানের কাছে
ii. সরকারের কাছে
iii. পুঁজি সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছে

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**

মি. রহমান কোম্পানির ব্যবস্থাপক। তিনি পরিকল্পনা নিলেন দায়িত্বসম্পন্ন কিছু নির্বাহী নিয়োগ দেওয়ার। পত্রিকাতে বিজ্ঞপ্তি দেওয়া হলো। তিনি আবেদনপত্র বাছাই করে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠানের জন্য চিঠি দিলেন।

**১৯. মি. রহমানের কাজ ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত?**
ক) পরিকল্পনা    খ) সংগঠন
গ) কর্মীসংস্থান    ঘ) সমন্বয়

**২০. মি. রহমানের কাজ এখন উদ্দীপকের প্রক্রিয়া কোন স্তরে রয়েছে?**
ক) কর্মী সংগ্রহ    খ) কর্মী নির্বাচন
গ) নিয়োগ    ঘ) উন্নয়ন

**২১. মাইক্রোস্ক্রিনিং এর উপাদান কোনটি?**
ক) পণ্যের চাহিদা    খ) কারিগরি দিক
গ) জনসংখ্যা বিষয়ক    ঘ) জীবন নির্বাহের খরচ

teachingbd.com

http://teachingbd.com

২২. **সম-আয় ব্যয় বিশ্লেষণ বলতে নিচের কোনটিকে বুঝায়?**
ক) যখন আয়-ব্যয় সমান হয়
খ) যখন আয়ের তুলনায় ব্যয় বেশি হয়
গ) যখন স্থায়ী ব্যয় পরিবর্তনশীল ব্যয় থেকে বেশি হয়
ঘ) যখন ব্যয়ের তুলনায় আয় বেশি হয়

২৩. **সংগঠনের কাজ—**
i. মানবিক ও বস্তুগত উপাদানের ব্যবহার
ii. কখন করা হবে তা নির্ধারণ
iii. কর্মীদের মধ্যে দায়িত্ব বন্টন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. **নিয়ন্ত্রণের কাজগুলো হলো—**
i. সমন্বয়সাধন করা
ii. ত্রুটি-বিচ্যুতি সংশোধন করা
iii. প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **মি. অজিত অটো মোবাইল সার্ভিসিং এর মালিক। তার এই শিল্পটি কোন ধরনের?**
ক) সেবা শিল্প খ) উৎপাদনমুখী শিল্প
গ) নির্মাণ শিল্প ঘ) উত্তোলন শিল্প

২৬. **ব্যবসায়ের অন্যতম মানবিক সম্পদ হিসেবে বিবেচনা করা হয় কোনটি?**
ক) প্রেষণা দান খ) কর্মী বাহিনী
গ) সমন্বয়সাধন ঘ) নেতৃত্ব দান

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
পণ্যদ্রব্যের গুণাগুণ, রং, আকার অনুযায়ী ভাগ করা হয়। নির্ধারিত মান অনুযায়ী একই জাতীয় পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হয়। বিশেষ করে কৃষিকাজ পণ্যের মান অনুযায়ী ভাগ করা অত্যাবশ্যক। এতে ক্রেতা তার পছন্দনীয় পণ্য তাড়াতাড়ি পেতে পারেন।

২৭. **নির্ধারিত মান অনুযায়ী একই জাতীয় পণ্যে ভাগ করাকে কী বলে?**
ক) প্রমিতকরণ খ) পর্যায়িতকরণ
গ) মোড়কিকরণ ঘ) বিজ্ঞাপন

২৮. **উদ্যোক্তার জন্য অনুপ্রেরণামূলক হতে পারে কোনটি?**
ক) শ্রম নীতি খ) শিল্প নীতি
গ) কর নীতি ঘ) রাজস্ব নীতি

২৯. **সরকারি সহায়তার অন্তর্ভুক্ত হলো—**
i. যুব উন্নয়ন অধিদপ্তর
ii. মহিলা অধিদপ্তর
iii. মাইডাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) স্যামুয়েল মোর্স খ) হেনরি ফেওয়েল
গ) রবার্ট জনসন ঘ) আই.এম.পান্ডে

৩১. **কোন উক্তিটি সত্য?**
i. উদ্যোক্তাগণ জন্মগতভাবেই উদ্যোক্তা
ii. ব্যবসায় উদ্যোগ কর্মসংস্থানের সৃষ্টি করে
iii. ব্যবসায়ের ঝুঁকি কম হলে লাভের সম্ভাবনা বেশি হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. **নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?**
ক) শিক্ষা মন্ত্রণালয় খ) সংস্কৃতি মন্ত্রণালয়
গ) প্রযুক্তি মন্ত্রণালয় ঘ) ধর্ম মন্ত্রণালয়

৩৩. **ভারতীয় উপমহাদেশে প্রথম কোম্পানির আইন পাস হয়?**
ক) ১৭৫০ সালে খ) ১৯৫০ সালে
গ) ১৮৫০ সালে ঘ) ১৮৪৪ সালে

৩৪. **বাংলাদেশে কত সালের পেটেন্ট ও ডিজাইন আইন চালু আছে?**
ক) ১৯০১ সালের খ) ১৯১১ সালের
গ) ১৯২১ সালের ঘ) ১৯৩১ সালের

৩৫. **বিসিকের সহায়তা হলো—**
i. শিল্পসংক্রান্ত তথ্য সরবরাহ
ii. উদ্যোক্তা চিহ্নিতকরণ
iii. শিল্প উদ্যোগ উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. **ব্যাপক অর্থে শিল্পকে কতভাগে ভাগ করা যায়?**
ক) ২ ভাগে খ) ৩ ভাগে
গ) ৪ ভাগে ঘ) ৫ ভাগে

৩৭. **নিচের কোনটি শিল্প উন্নত এলাকা?**
ক) গাজীপুর খ) জামালপুর
গ) নেত্রকোনা ঘ) শেরপুর

৩৮. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) স্যামুয়ে মোর্স খ) হেনরি ফেওয়েল
গ) রবার্ট জনসন ঘ) আই.এম. পান্ডে

৩৯. **ব্যবস্থাপনা হলো—**
i. ধারাবাহিক প্রক্রিয়া
ii. দলগত প্রক্রিয়া
iii. চলমান প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. **বিপণনের উন্নয়নের কোনটি সৃষ্টি হয়?**
ক) ব্যবসায় খ) বাণিজ্য
গ) কর্মসংস্থান ঘ) আমদানি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com